

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫৫১

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - হিসাব-নিকাশ, প্রতিশোধ গ্রহণ ও মীয়ানের বর্ণনা

الفصل الاول (باب الحساب و القصاص و الميزان)

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: إِن الله يدني الْمُؤمن فَيضَع على كَنَفَهُ وَيَسْتُرُهُ فَيَقُولُ: أَتَعْرِفُ ذَنْبَ كَذَا؟ أَتَعْرِفُ ذَنْب كَذَا؟ فَيَقُولَ: نعم يَا رب حَتَّى على كَنَفَهُ وَيَسْتُرُهُ فَيَقُولَ: نعم يَا رب حَتَّى قَرَّرَهُ ذَنُوبه وَرَأَى نَفْسِهِ أَنَّهُ قَدْ هَلَكَ. قَالَ: سَتَرْتُهَا عَلَيْكَ فِي الدُّنْيَا وَأَنَا أَغْفِرُهَا لَكَ الْيَوْمَ فَيُعْطَى كِتَابَ حَسَنَاتِهِ وَأَمَّا الْكُفَّارُ وَالْمُنَافِقُونَ فَيُنَادَى بِهِمْ على رؤوسِ الْخَلَائِقِ: (هَوُّلاءِ النَّذِينَ كَذَبُوا عَلَى رَبِّهِمْ أَلَا لعنةُ اللَّهِ على الظالمينَ) مُتَّفق عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (2441) و مسلم (52 / 2768)، (7015) ـ مُتَّفق عَلَيْهِ)

বাংলা

৫৫৫১-[৩] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: (কিয়ামতের দিন) আল্লাহ তা'আলা মু'মিনদেরকে নিজের কাছাকাছি করবেন এবং আল্লাহ তা'আলা নিজ বাজু তার উপরে রেখে তাকে ঢেকে নেবেন। অতঃপর আল্লাহ তা'আলা সে বন্দাকে বলবেন, আচ্ছা বল দেখি! তুমি এ গুনাহটি করেছ কি? তুমি এ গুনাহটি সম্পর্কে অবহিত আছ কি? সে বলবে, হ্যাঁ, হে আমার রব! আমি অবহিত আছি। শেষ পর্যন্ত এক একটি করে তার কৃত সকল গুনাহের স্বীকৃতি আদায় করবেন। এদিকে সে বান্দা মনে মনে ধারণা করবে যে, সে এই সমস্ত অপরাধের কারণে নিঃসন্দেহে ধ্বংস হবে। তখন আল্লাহ তা'আলা বলবেন, দুনিয়াতে আমি তোমার এ সকল অন্যায় ঢেকে রেখেছিলাম। আর আজ আমি তা মাফ করে তোমাকে মুক্তি দিব। অতঃপর তাকে নেকির 'আমলনামা দেয়া হবে। আর কাফির ও মুনাফিকদেরকে সমস্ত সৃষ্টিকুলের সামনে আনা হবে এবং উচ্চৈঃস্বরে এ ঘোষণা দেয়া হবে- এরা তারা, যারা আপন প্রভুর বিরুদ্ধে মিথ্যারোপ করত। জেনে রাখ, এ সমস্ত যালিমদের ওপর আজ আল্লাহর লানত। (বুখারী ও মুসলিম)



ফুটনোট

সহীহ: বুখারী ২৪৪১, মুসলিম ৫২-(২৭৬৮), ইবনু মাজাহ ১৮৩, মুসনাদে আহমাদ ৫৪৩৬, সহীহুল জামি ১৮৯৪, আবু ইয়া'লা ৫৭৫১, সহীহ ইবনু হিব্বান ৭৩৫৫, হিলইয়াতুল আওলিয়া ২/২১৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (کنف) অর্থ বাজু বা ডানা, এর উপরেও আকার-আকৃতি বর্ণনা ব্যতীত ঈমান আনা ওয়াজিব। এ হাদীস থেকে আরো বুঝা যায় যে, আল্লাহ তা'আলা কথা বলেন। এর হরফ ও আওয়াজ রয়েছে, সম্বোধিত ব্যক্তি এ পবিত্র কথাকে বিনা কষ্টে বুঝতে পারবে। আর এটা হরফ ও আওয়াজ ব্যতিরেকে সম্ভব নয়। (মিশকাতুল মাসাবীহ মুম্বাই ছাপা, ৪র্থ খণ্ড, পৃ. ৩৯০)

(إِن الله يدني الْمُؤْمِنَ) মু'মিন এখানে অনির্দিষ্ট অর্থে ব্যবহৃত হয়েছে। এর দ্বারা মু'মিনের জিনস উদ্দেশ্য। (মিরকাতুল মাফাতীহ)

কাফির ও মুনাফিকদের কোনভাবেই ক্ষমা করা হবে না, বরং আল্লাহর লানত বা অভিশাপ তাদের ওপর কার্যকর হবে। হে আল্লাহ! আমরা তোমার লানত থেকে তোমার কাছে আশ্রয় প্রার্থনা করছি। (সম্পাদকীয়)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন